গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কমলগঞ্জ, মৌলভীবাজার
www.kamolganj.moulvibazar.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮৫৬.০০০.০০৫.০৩.০০০৭.২৬- ৬৮০

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩ / ২৯ জুন ২০২৬

**১৪৪ ধারা জারির বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০২.০৭.২০২৬ তারিখ হতে অনুষ্ঠিতব্য ২০২৬ সালের এইচএসসি/ আলিম/ এইচএসসি (বিএমটি) পরীক্ষা নিম্নবর্ণিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

ক. কমলগঞ্জ সরকারি গণমহাবিদ্যালয়
ভেন্যু: ১. আব্দুল গফুর চৌধুরী মহিলা কলেজ/ ২. কমলগঞ্জ সরকারি মডেল উচ্চ বিদ্যালয়
(এইচএসসি পরীক্ষা কেন্দ্র/ ভেন্যু)

খ. আব্দুল গফুর চৌধুরী মহিলা কলেজ (আলিম পরীক্ষা কেন্দ্র)

গ. আব্দুল গফুর চৌধুরী মহিলা কলেজ (এইচএসসি (বিএমটি) পরীক্ষা কেন্দ্র)

উক্ত পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্র/ভেন্যুর চারপাশে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের স্বার্থে ফৌজদারী কার্যবিধি ১৪৪ ধারা জারীর প্রয়োজন রয়েছে মর্মে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতীয়মান হচ্ছে।

সেহেতু, এক্ষণে আমি মোঃ আসাদুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, কমলগঞ্জ, মৌলভীবাজার ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারা অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে উপর্যুক্ত পরীক্ষা কেন্দ্রসমূহের ২০০ গজ ব্যাসার্ধের মধ্যে ২০২৬ সালের এইচএসসি/ আলিম/ এইচএসসি (বিএমটি) পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থী, পরীক্ষা পরিচালনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও আইন প্রয়োগকারী সংস্থার সদস্যগণ ছাড়া পাঁচ বা ততোধিক ব্যক্তির একত্রে চলাফেরা, সকল প্রকার সভা-সমাবেশ, মিছিল, শোভাযাত্রা, আগ্নেয়াস্ত্র বহন, লাঠিসোটা বহন, শব্দযন্ত্র ব্যবহার, মোবাইল ফোন ব্যবহার, ইট-পাটকেল নিক্ষেপ, শ্লোগান, মাইকিং এবং ফটোকপিয়ারের ব্যবহার ও এসংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠান খোলা রাখা নিষিদ্ধ ঘোষণা করলাম। এ আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আমার স্বাক্ষর ও সীল মোহর দ্বারা অদ্য ২৯.০৬.২০২৬ তারিখ এ আদেশ প্রদান করা হলো।

২৯/০৬/২৬

মোঃ আসাদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
ও
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
কমলগঞ্জ, মৌলভীবাজার।
মোবাইল: ০১৭৩০-৩৩১০৭৩
ইমেইল: unokamalganj@mopa.gov.bd

বিতরণ:

১. অধ্যক্ষ, ........................................ কলেজ/মাদ্রাসা, কমলগঞ্জ, মৌলভীবাজার
২. অফিসার ইনচার্জ, কমলগঞ্জ থানা, কমলগঞ্জ, মৌলভীবাজার (বর্ণিত পরীক্ষা কেন্দ্রসমূহের আইন-শৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন এবং উক্ত আদেশ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো)
৩. জনাব ........................................ ভারপ্রাপ্ত কর্মকর্তা/ কেন্দ্র সচিব(সকল), এইচএসসি/ আলিম/ এইচএসসি (বিএমটি) পরীক্ষা-২০২৬ কমলগঞ্জ, মৌলভীবাজার। (উক্ত আদেশ আগামী ০১.০৭.২০২৬ তারিখ অপরাহ্ন হতে মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার
২. পুলিশ সুপার, মৌলভীবাজার।